মেহেরপুরে ভারত থেকে পাসপোর্ট বিহীন বাংলাদেশে প্রবেশ, যুবক আটক

পাসপোর্ট বিহীন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় সানোয়ার হোসেন (৩২) নামের এক বাংলাদেশীকে আটক করেছে বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) ঝাঁঝা বিওপি ক্যাম্প। আটক সানোয়ার হোসেন মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের ফারুক হোসেনের ছেলে।

আজ বুধবার (৩০ নভেম্বর) বেলা আড়াইটার সময় সদর উপজেলার ঝাঁঝাঁ সীমান্তের আন্তর্জাতিক পিলার ১২১/৩ এস এর নিকট থেকে তাকে বিজিবির একটি টহল দল আটক করেন।

৬ বিজিবি’র ঝাঁঝাঁ বিওপি কমান্ডার নায়েক সুবেদার কাজী আজাদ এ তথ্য নিশ্চিত করেন।

নায়েক সুবেদার কাজী আজাদ বলেন, সানোয়ার হোসেন ভারত থেকে পাসপোর্ট বিহীন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে প্রবেশের সময় বিজিবির টহল দল তাকে আটক করে। আটক সানোয়ার হোসেনের বিরুদ্ধে পাসপোর্ট আইনে মামলা দিয়ে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

আবারও উত্তপ্ত গাংনীর রাজনীতি

বেশকিছুদিন স্বাভাবিক থাকলেও গত সোমবার রাত থেকে গাংনী উপজেলা শহরের রাজনীতি আবারও উত্তপ্ত হয়ে উঠেছে। গাংনী উপজেলা শহরের সরকারি মৎস্য হ্যাচারির মধ্যে বিস্ফোরণ ও তিনটি ককটেল উদ্ধারের ঘটনা এবং উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রদলের সভাপতিসহ দলের সহযোগি সংগঠনের ১১ নেতা কর্মীকে এজাহার নামীয় ও ১৫/২০ জনকে অজ্ঞাতনামা আসামি করে একটি মামলা হয়েছে। এনিয়ে নতুন

করে বিএনপি ও আওয়ামী লীগের রাজনীতিতে নতুন করে উত্তেজনা শুরু হয়েছে।

গতকাল মঙ্গলবার ১৯৭৪ সালের বিশেষ ক্ষমতা আইনের ধারা ১৫(৩)২৫-৯ তৎসহ ৩/৪/৬ ১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য আইনে মামলাটি দায়ের করা হয়। মামলা নং ৩২, তারিখ ২৯/১১/২০২২ ইং।

গতকাল মঙ্গলবার দুপুরে মামলাটি দায়ের করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি মো: শাহিদুজ্জামান শিপু।

বিস্ফোরণ ও ককটেল উদ্ধারের পরপরই সোমবার রাতে গাংনী পৌর যুবদলের সভাপতি ও গাংনী পৌর সভার সাবেক প্যানেল মেয়র সাহিদুল ইসলামকে গ্রেফতার করে গাংনী থানা পুলিশ।

মামলায় এজাহার নামীয় আসামিরা হলেন, গাংনী উপজেলা বিএনপির সাধারন সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু (৫০) ও তার ভাই মেহেরপুর জেলা ছাত্রদলের সভাপতি নাজমুল হক (৩৫), গাংনী উপজেলা যুবদলের আহবায়ক আব্দুল মালেক চপল বিশ্বাস (৪২), পৌর যুবদলের সভাপতি সাবেক প্যানেল মেয়র সাহিদুল ইসলাম (৪৫), গাংনী উপজেলা ছাত্রদলের আহবায়ক বিপ্লব হোসেন (৩০), পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক গোলাম মোস্তফা ডাকু (৪৫), সাবেক ছাত্রদল নেতা গাংনী উপজেলার বানিয়াপুকুর গ্রামের কামরুল ইসলাম (৩৬), সাবেক ছাত্রনেতা ইমন আহমেদ (৩৫), যুবদল নেতা মনিরুজ্জামান মনি (৩৩), যুবদল নেতা কাজল আলী(৩৮) ও যুবদল নেতা মহিলা কলেজ পাড়া এলাকার সুমন ওরফে এ্যাডাম(৩২)।

মামলার ঘটনায় গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু বলেন, সারা দেশের বিভাগীয় সমাবেশগুলোতে মানুষের উচ্ছাস ও উপস্থিতি দেখে সরকার আতংকিত। আগামি ১০ ডিসেম্বর ঢাকার মহাসমাবেশকে বাধাগ্রস্থ করতেই সরাকরি দলের নেতা কর্মী ও পুলিশ যৌথভাবে ককটেল উদ্ধারের নাটক সাজিয়েছে। তারা মিথ্যা মামলা, হামলা ও নেতা কর্মীদের গ্রেফতার করে বিএনপির আন্দোলন সংগ্রাম বন্ধ করতে চাই। তাদের এই মিথ্যা নাটক দেশবাসি জানে এবং বোঝে। এভাবে নাটক সাজিয়ে দেশের ক্ষমতা আঁকড়ে ধরে রাখা যাবেনা। তিনি অবিলম্বে এই মিথ্যা মামলা প্রত্যাহার ও আটক যুবদল সভাপতি সাইদুল ইসলামের নি:শার্ত মুক্তি দাবী করেন।

এব্যাপারে মামলার বাদী সাবেক ছাত্রনেতা শাহিদুজ্জামান শিপু বলেন,

মিটিং মিছিল ও সমাবেশ করা সব রাজনৈতিক দলের অধিকার আছে। কিন্তু মিটিং মিছিলের আড়ালে বিএনপি যদি সন্ত্রাসীমুলক কর্মকান্ড বা ছাত্রলীগের উপর হামলা করে প্রাণ নাশের চেষ্টা করে। সেটাতো ছেড়ে দেওয়া যাবেনা। তিনি বলেন বিএনপি ও তাদের সহযোগী সংগঠণের নেতা কর্মীরা সন্ত্রাসী। এর আগেও ছাত্রলীগের মিছিলে তারা হামলা করেছে। আমরা তখন তাদের ছাড় দিয়েছি। কিন্তু গত সোমবার রাতের মিছিলেও সেই পূনার্বৃতি ঘটিয়েছে তারা। ছাত্রলীগের মিছিলে বোমা হামলা করে প্রাণ নাশের চেষ্টা করেছে। আমিসহ ছাত্রলীগের নেতা কর্মীরা তাদের সেই হামলা ব্যার্থ করে দিয়েছে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, একটি বোমার বিকট শব্দে বিস্ফোরণ এবং বোমা উদ্ধারের পরই আমি এ ঘটনার তথ্য জানতে পারি। আমি শুনেছি, মিছিল থেকে বিএনপির ২/৩ টা ছেলেকে ধাওয়াও করেছে। আগামী ১০ ডিসেম্বর বিএনপি সরকার পতনের আন্দোলনের ডাক দিয়েছে। তারা এখন থেকেই বিভিন্ন স্থানে অপকর্ম করে দেশের মানুষকে আতংকিত করতে চাই। সেই ধারাবাহিকতায় তারা ছাত্রলীগের মিছিলে বোমা বা ককটেল হামলা চালাতে পারে। অকারণে কেউ কোনো অকারেন্স করলে সেই দায় তারা স্বীকার করতে চাইনা। তবে, কয়েকদিন অপেক্ষা করলে পুলিশের তদন্তেই বেরিয়ে আসবে আসল ঘটনা।

গত সোমবার (২৮ নভেম্বর) দিবাগত রাত ৮ টার দিকে গাংনী উপজেলার শহরের পরিত্যক্ত সরকারি মৎস্য খামারের মধ্যে একটি বিস্ফোরণ ঘটে। পরে গাংনী থানা পুলিশের একটি টিম পরিত্যক্ত সরকারি মৎস্য হ্যাচারির মধ্যে অভিযান চালিয়ে লালকসটেপ মোড়ানে তিনটি ককটেল উদ্ধার করে। এঘটনার পরপরই পুলিশ এবং নেতা কর্মীরা পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলার বাড়িতে রেড দেন। তবে মকবুল হোসেন মেঘলা ঢাকা থেকে নিজের ফেইসবুকে লাইভ দিয়ে সে ঢাকায় আছে বলেন জানান দেন।

মেহেরপুরে ফেনসিডিল ব্যবসায়ীর

৬ বছর কারাদন্ড

ফেনসিডিল মামলায় শামীম মল্লিক (৪০) নামের এক ফেনসিডিল ব্যবসায়ীকে ৬ বছর সশ্রম কারাদণ্ড দিয়েছে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল-২ আদালত। একই সাথে ২০ হাজার টাকা জরিমানা, অনাদায় আরো ৬ মাসে কারাদন্ডদেশের আদেশ দেওয়া হয়েছে। দন্ডপ্রাপ্ত শামীম মল্লিক মুজিবনগর উপজেলার মানিক নগর গ্রামের ইউসুফ মল্লিকের ছেলে।

আজ বুধবার (৩০ নভেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল-২ আদালতের বিচারক রিপতি কুমার বিশ্বাস এই রায় দেন।

মামলার বিবরনে জানা গেছে ২০১৫ সালের ৩ আগস্ট বিকালে মুজিবনগর থানার এএসআই আবু তাহেরের নেতৃতে পুলিশের একটি টিম মুজিবনগর পিকনিক কর্নার এলাকা থেকে ৭২ বোতল ফেনসিডিল সহ শামীম মল্লিককে গ্রেপ্তার করেন।

ওই ঘটনায় স্পেশাল পাওয়ার অ্যাক্ট ১৯৭৪ এর ২৫ বি (২) ধারায় মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা নং জি আর ৩২৪/১৫। স্পেশাল ট্রাইবুনাল কেস নং ৩০/২০১৫।

পরে মামলা তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক শেষে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ৬ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন।

স্বাক্ষীদের স্বাক্ষে শামীম মল্লিক দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ আদালত তাকে ৬ বছর সশ্রম কারাদণ্ড, ২০ হাজার টাকা জরিমানা অনাদায় আরো ৬ মাসে কারাদন্ডদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষে অতিরিক্ত পিপি কাজী শহিদুল হক এবং আসামি পক্ষে অ্যাডভোকেট আব্দুল আলিম কৌশলী ছিলেন।

চুয়াডাঙ্গা পুলিশ সুপারের সাথে

বিট অফিসারদের মতবিনিময় সভা

বিট পুলিশিং বাড়ি-বাড়ি, নিরাপদ সমাজ গড়ি এ স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা পুলিশের ৫৩ (তেপ্পান্ন) টি বিটের অফিসারদের সাথে চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপারের আবদুল্লাহ্ আল মামুন এর সাথে সকাল সাড়ে দশটার সময় পুলিশ পার্ক লেন কনফারেন্স রুমে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ্ আল-মামুন। মতবিনিময় সভায় পুলিশ সুপার বিট পুলিশিংয়ের লক্ষ্য, উদ্দেশ্য ও প্রায়োগিক গুরুত্ব তুলে ধরে বক্তব্য প্রদান করেন।

এ সময় তিনি অফিসারদের নিজ নিজ এলাকায় মাদক, জুয়া, ইভটিজিং, কিশোর অপরাধ, বাল্যবিবাহ ও নারী নির্যাতনের বিরুদ্ধে কাজ করতে আহহ্বান জানান। পাশাপাশি, তিনি জননিরাপত্তা ও জনশৃঙ্খলায় সকল বিট অফিসারকে সদা তৎপর থাকার জন্য বলেন। এসময় বিট পুলিশিং সম্পর্কিত বিভিন্ন প্রশ্নের সঠিক জবাবে এবং বিট পুলিশিং রেজিস্টারসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য চার জন বিট অফিসারকে পুলিশ সুপার পুরস্কৃত করেন।

উক্ত অনুষ্ঠানে আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) মোঃমুন্না বিশ্বাস, ডিআইও(১) জেলা বিশেষ শাখা মোঃ আলমগীর কবীর, অফিসার ইনচার্জ জেলা গোয়েন্দা শাখা শেখ সফিকুর রহমান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মাহব্বুর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার সদস্যবৃন্দ।

মেহেরপুরে ভোক্তা অধিকারের

অভিযানে ২৩ হাজার টাকা জরিমানা

লাইসেন্স ছাড়াই প্যাকেটে বিএসটিআইয়ের লোগো ব্যবহার, কর্মচারীদের স্বাস্থ্যবিধি না মানা, কারখানার মধ্যে টয়লেট, হাত পরিস্কারের সাবান, হ্যান্ডওয়াস না থাকাসহ বিভিন্ন অভিযোগে মেহেরপুর শহরের দীঘিরপাড়া এলাকার ২ প্রতিষ্ঠানের মালিককে ২৩ হাজার টাকা জরিমানা আদায় করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের পরিচালনায় অভিযান।

মঙ্গলবার দুপুরের দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহমেদ এই ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

অভিযানকালে মেসার্স সোনালি চানাচুর কারখানায় নিয়ম বহির্ভূতভাবে লাইসেন্স ছাড়াই প্যাকেটে বিএসটিআইয়ের লোগো ব্যবহার করা, কর্মচারীদের স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্য পরীক্ষার সনদ না থাকা, কারখানার মধ্যে টয়লেট স্থাপন, হাত পরিস্কারের সাবান-হ্যান্ডওয়াস না থাকা ও যথাযথ স্বাস্থ্যবিধি না মেনে চানাচুর প্যাকেটজাত করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মোঃ ইয়ারুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪৩ ও ৪৪ ধারায় ২০ হাজার টাকা, এবং একই এলাকার মেসার্স হেলাল স্টোরকে মেয়াদ মুল্য বিহীন পণ্য ও অবৈধ বিদেশি পণ্য বিক্রয়ের অপরাধে ৩৭ ধারায় ৩ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানে উপস্থিত ছিলেন সদর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মোঃ তারিকুল ইসলাম ও মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।

গাংনীতে বিভিন্ন মামলার ৬ আসামি গ্রেফতার

নারী ও শিশু নির্যাতন, চুরি, মারামারি ও বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা মামলায় ৬ আসামি গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

এরা হলেন, বাড়ি ঘর ভাঙচুর ও মারামারি অভিযোগে দায়ের করা মামলা নং ৩১, তারিখ ২৮/১১/২০২২ এর অভিযুক্ত আসামি গাংনী উপাজেলার হাড়াভাঙ্গা গ্রামের সোলাইমান হোসেনের ছেলে সেলিম রেজা, আব্দুল হালিম, আব্দুল্লাহ আল হাসিব সরব, এই উপজেলার নারী ও শিশু নির্যাতন দমণ আইন মামলা নং ৩০, তারিখ ২৭/১১/২০২২ এর আসামি ঝোড়পাড়া গ্রামের সাহাবুল ইসলামের ছেলে মুসফিকুর রহমান টোকন, গাংনী থানার চুরির মামলা নং ১৫. তারিখ ১১/১১/২২ ইং এর আসামি গাংনী মহিলা কলেজপাড়া এলাকার আবুল কালামের ছেলে শান্ত, এছাড়া বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা মমলায় গাংনী পৌর সভার সাবেক কাউন্সিলর ও যুবদলের গাংনী উপজেলা শাখার আহবায়ক সাইদুল ইসলামকে গ্রেফতার করেছে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম সোমবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) ভোররাত পর্যন্ত গাংনী উপজেলার বিভিন্ন গ্রামে পৃথক অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক জানান, গ্রেফতারকৃত আসামিদের মঙ্গলবার দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

গাংনীতে চুরি করতে গিয়ে তিন নারী আটক, পুলিশে সোপর্দ

গাংনী নিক্সন মার্কেটে চুরি করার সময় তিন নারী পকেট মারকে হাতে নাতে আটক করে পুলিশের দিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা।

এরা হলেন, কুষ্টিয়া জেলার খোকসা উপজেলার মানিক গ্রামের মৃতু হিরু প্রামাণিকের মেয়ে স্বামী পরিত্যক্ত নাসিমা খাতুন (৪৫), মাগুরার মোহাম্মদপুর থানার চর পাকুড়িয়া গ্রামের মাহাবুব শেখের

স্ত্রী পলি বেগম (৩৮) ও মাগুরা সদর উপজেলার হাজরাপুর বারোমাইল গ্রামের সহিকুল ইসলামের স্ত্রী আছিয়া বেগম (৪০)।

আজ মঙ্গলবার (২৯ নভেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের পুরাতন কাপড়ের (নিক্সন মার্কেট) বাজারে জনৈক নারীর ভ্যানিটি ব্যাগের মধ্যে থেকে ২ হাজার টাকা চুরি করার সময় হাতে নাতে ধরা পড়ে। পরে তাকে গাংনী থানা পুলিশে সোপর্দ করা হয়।
তবে, পলি ও নাসিমা খাতুন বলেন, আমাদের স্বামীর অসুস্থ। তাই, আমরা কুষ্টিয়াতে বাসা ভাড়া নিয়ে এক সাথে থাকি। বিভিন্ন এলাকায় হাত পেতে টাকা চেয়ে নিই। আমরা চুরি করিনা।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, বেশ কিছুদিন থেকে গাংনী হাসপাতালের জরুরী বিভাগে ও পুরাতন কাপড়ের বাজারে নারীদের ভ্যানিটি ব্যাগ থেকে টাকা চুরির ঘটনা ঘটে। পুলিশও তাদের সনাক্ত করার চেষ্টা করছিল।
এঘটনায় কয়েকজন ভুক্তভুগী নারী তাদের বিরুদ্ধে মামলা দিয়েছে। আগামিকাল আটক তিন নারীকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হবে।

ডিবি ও গাংনী থানার ওসি,র পুরুস্কার লাভ

আদালতের পরোয়ানাভূক্ত আসামি গ্রেফতার, মাদক উদ্ধার ও নিয়মিত মামলার আসামি গ্রেফতারে সাফল্য’র জন্য অক্টোবার মাসের সেরা ও ৮ম বারের মত জেলার চৌকস ওসি নির্বাচিত হয়েছেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও জেলা গোয়েন্দ পুলিশ (ডিবি) ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম, চৌকস অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদুর রহমান, এস আই আব্দুর রাজ্জাক, এসআই আশিক, সদর থানার এএসআই শাকিল খান।

সোমবার (২৮ নভেম্বর) বেলা ১১ টার দিকে মেহেরপুর পুলিশ লাইন ড্রিল সেটে পুলিশের কল্যান সভায় আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি সরুপ

নগদ টাকা ও ক্রেষ্ট প্রদান করা হয়।

মেহেরপুর জেলা পুলিশ সুপার (এসপি) মো: রাফিউল আলম আনুষ্ঠানিক ভাবে পুরস্কার ও নগদ অর্থ তুলে দেন।

এসময় অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার সার্কেল অপু সরোয়ার,সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলসহ পুলিশের উর্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গাংনীতে অফিসের তালা ভেঙ্গে সরকারি নথি চুরির দায়ে একজন আটক

মেহেরপুরের গাংনী উপজেলা সমাজ সেবা অফিসের তালা ভেঙ্গে সরকারি নথিপত্র চুরির অপরাধে শান্ত মিয়া-(৩০) নামের এক ব্যাক্তিকে আটক করেছে আনসার সদস্যরা। আজ সোমবার দুপুরে নথিপত্র চুরি করে নিয়ে যাওয়ার সময় হাতেনাতে তাকে আটক করা হয় ।

এসময় তার কাছ থেকে বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনেক পাশবহি ও বিভিন্ন কাগজ পত্র জব্দ করা হয়। আটক শান্ত গাংনী পৌর এলাকার ৮ নম্বর ওয়ার্ডের কলেজ পাড়ার আব্দুল কালাম আজাদের ছেলে। আটকের বিষয়টি নিশ্চিত করেছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

গাংনী উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আরশাদ আলী জানান, সরকারি ই-সেবা চালু হওয়ার পর অনেক কাগুজে নথিপত্র ও পাশবহি বস্তা বন্দি করে রাখা হয়েছিল। সেই নথিপত্র ও বহি উপজেলা পরিষদ চত্বরে একটি কক্ষে রাখা হয়েছিল। সেগুলি তালা ভেঙ্গে চুরি করে নিয়ে যাচ্ছিল শান্ত নামের এক যুবক। উপজেলা পরিষদ চত্বরে দায়িত্বরত আনসার সদস্যরা তাকে আটক করে। পরে উপজেলা নির্বাহী অফিসারের নিকট

হস্তান্তর করা হয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, তালা ভঙ্গে নথিপত্র চুরির ঘটনায় জড়িত শান্তকে গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে। পুলিশ আইনানুগ ব্যবস্থা নেবেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, শান্ত নামের এক যুবক আটক রয়েছে। তার বিরুদ্ধে সরকারি অফিসে তালা ভেঙ্গে কাগজপত্র চুরির অপরাধে নিয়োমিত মামলা দিয়ে আদালতে প্রেরণ করা হবে।

গাংনীতে আইন সহায়তা কমিটির দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে উপজেলা আইন সহায়তা কমিটির উদ্যোগ দ্বি-মাসিক সভা করেছে উপজেলা আইন সহায়তা কমিটি।

সোমবার সকালে গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে আয়োজিত আইন সহায়তা মুলক সভায় সভাপত্বি করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান এমএ খালেক। বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র আহম্মেদ আলী।

জেলা লিগ্যাল এইড কমিপির আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখেন, উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ লাভলী খাতুন,কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা,মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ,রাইপুর ইউপি চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,বামুন্দি ইউপি চেয়ারম্যান ওবাইদুর রহমান কমল,ধানখোলা ইউপি চেয়ারম্যান আব্দুর রাজ্জাক, জেলা লিগাল এইড প্রতিনিধিসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দরা উপস্থিত ছিলেন।